

এই উৎসবে দেবলীনার সুরেলা ব্যস্ততা -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৫৫ ঃ মেহেরপুর-সোমবার ২৯ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ১৪ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ৬ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর


## বিএনপির সামনে তরুণদের মন জয়ের লড়াই

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের রাজনীতিতে তরুণ ভোটাররা সব সময়ই বড় শক্তি হিসেবে বিবেচিত হয়ে আসছে। নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, দেশের মোট ভোটারের প্রায় ৩০ শতাংশ বা প্রায় চার কোটি তরুণ। আগামী জাতীয় নির্বাচনে এ তরুণ ভোটই হতে পারে বড় ফ্যাক্টর। দীর্ঘদিন বিতর্কিত নির্বাচনের কারণে ভোটাধিকার থেকে বঞ্চিত তরুণ প্রজন্ম এবার ভোট দেওয়ার সুযোগের অপেক্ষায়। ফলে তরুণদের মন জয় করাই বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে বিএনপির জন্য। ঢাকা বিশ্ববিদ্যালয় (ডাকসু) ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাকসু) ছাত্র সংসদ নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদলের

২-এর পৃষ্ঠা দেখুন




### গাংনীতে বিএনপির পরিচিতি সভা

# উৎসবের আবহে নতুন নেতৃত্বকে বরণ

নিজস্ব প্রতিবেদক

আকাশে রোদের ঝলকানি, তবে বাতাসে ছিল রাজনীতির উচ্ছ্বাস। মেহেরপুরের গাংনী ঈদগাহ ময়দান যেন এক উৎসবের অঙ্গন। উপজেলা ও পৌর বিএনপির পরিচিতি সভাকে ঘিরে সকাল থেকেই ভিড় জমাতে শুরু করেন নেতাকর্মীরা। কারও হাতে ছিল ফুল, কারও গলায় দলীয় প্রতীক খচিত ফিতা, আবার কেউবা দলীয় স্লোগানে মুখরিত করছিলেন পুরো ময়দান। গতকাল রবিবার সকালে সভাস্থলে ঢুকতেই চোখে পড়ে সাদা চেয়ারে পরিপাটি করে সাজানো সারি। সেসব চেয়ারে বসে আছেন উপজেলা, পৌর ও জেলা বিএনপির নেতা-কর্মীরা। একেকজনের চোখেমুখে স্পষ্ট উৎসাহ; আজ তারা নতুন নেতৃত্বকে বরণ করবেন, নতুন দিকনির্দেশনা শুনবেন। সভায় সভাপতিত্ব করেন উপজেলা বিএনপির সভাপতি আলফাজউদ্দীন কালু। সঞ্চালনায় ছিলেন সাধারণ সম্পাদক আবদুল আওয়াল। প্রধান অতিথি হিসেবে উপস্থিত হন জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন। তিনি যখন মঞ্চে উঠলেন, তখন করতালিতে মুখর হয়ে ওঠে পুরো ঈদগাহ মাঠ। সঙ্গে ছিলেন বিশেষ জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। সভায় বক্তৃতা করেন সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, রোমানা আহমেদ, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, মেহেরপুর পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দীন মনা ও উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আবদাল হোসেন। প্রত্যেকের কণ্ঠেই ছিল আশা; এই

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে কবরস্থানের জায়গা দখলের অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে

সূর্যোদয় প্রতিবেদন

মেহেরপুর সদর উপজেলার মনোহরপুর গ্রামের প্রাচীন কবরস্থানের জায়গা জোর করে দখলের চেষ্টা করার অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপি নেতা শহিদুল মাস্টার এবং তাঁর ছেলে মোঃ সামসুল ইসলাম রাঙার বিরুদ্ধে। স্থানীয়দের অভিযোগ, মোঃ সামসুল ইসলাম রাঙা কবরস্থানের উন্নয়নে ব্যাঘাত ঘটাচ্ছেন ও গাছপালা লুটপাট করছেন। স্থানী গ্রামবাসীর অভিযোগ ১৯৭০ সাল থেকে এখানে গ্রামের মানুষকে দাফন করা শুরু হয়। ১৯৭৫ সালে জমির মালিক মৃত জহুর হালসানা ওই জমিটি কবরস্থানের নামে রেজিস্ট্রি করে দেন। এরপর ১৯৮০ সালে কবরস্থানের নামে আর এস রেকর্ড হয়। ২০২২ সালে সদর থানা বিএনপির সাবেক সভাপতি শহিদুল মাস্টার কবরস্থানের জমিটি নিজের বলে দাবি করেন। তখন গ্রামের মানুষ কবরস্থানের কাগজ দেখালেও শহিদুল মাস্টার কোনো কাগজ দেখাতে পারেননি। ৫ আগস্ট ক্ষমতা পরিবর্তনের পর শহিদুল মাস্টারের ছেলে মোঃ সামসুল ইসলাম রাঙা গ্রামের এক ব্যক্তিকে কোপ দিয়ে গ্রামে আতঙ্ক সৃষ্টি করেন এবং কবরস্থানের গাছ কেটে নেন। সেই সময়কার কবরস্থানের কমিটি ভয়ে কিছুই বলতে পারেনি। পরবর্তীতে কবরস্থানের নতুন কমিটি গঠনের পরে তারা সেখানে বেড়া দিলে রাঙা বেড়া তুলে ফেলেন এবং বিভিন্ন ধরণের হুমকি-ধামকি দেন। সাবেক সভাপতি ইমদাদুল বলেন, "২০০৯ থেকে ২০১৪ সাল পর্যন্ত আমি মনোহরপুর ইদগাহ ও কবরস্থানের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছি। আমাদের কমিটি কবরস্থানের উন্নয়ন ও পরিচ্ছন্নতা রক্ষার উদ্দেশ্যে বিভিন্ন কাজ করেছে। কিন্তু মোঃ সামসুল ইসলাম রাঙা নামে একজন ব্যক্তি জাল দলিল করে জমি দখলের চেষ্টা করছে। তিনি আমাদের কমিটির যেকোনো সদস্যকে হুমকি দিয়ে কাজ বাধাগ্রস্ত করছেন।" বর্তমান সভাপতি আসাদুল জানান, "রাঙা মিয়ার পিতা অতীতে ঘোষণা করেছিলেন যে এই জমিতে আর কোনো হস্তক্ষেপ করা হবে না। কিন্তু বর্তমানে রাঙা মিয়া বহু গাছ কেটে ফেলেছেন, কবরস্থানের ঘেরাও ভেঙে দিয়েছেন এবং সম্প্রতি কবরস্থান কমিটির এক সদস্যের হাতে ধারালো অস্ত্র দিয়ে কোপ মেরেছেন। আমরা কবরস্থানের সঠিক মালিকানা ও শান্তিপূর্ণ ব্যবস্থাপনার জন্য সেনাবাহিনীর কাছে অভিযোগ জানিয়েছি। গতকাল রবিবার সেনাবাহিনী সেখানে বসার কথা ছিল। আমরা গ্রামের শতশত মানুষ উপস্থিত ছিলাম, তবু তারা আসেননি।"

মোঃ সামসুল ইসলাম রাঙা বলেন, "আমাদের সব কাগজপত্র আছে, তবে কোথায় আছে খুঁজে পেতে সময় লাগবে। রবিবার আমার চাচাতো ভাইয়ের বিয়ে ছিল, তাই সেনাবাহিনীর সঙ্গে বসতে পারিনি। আমি কোনো কবরস্থানের গাছ কাটিনি। বরং ওরাই আমার জমির (কবরস্থান) গাছ মেশিন দিয়ে কেটে নিয়ে গেছে। কবরস্থানের জমিটা আমাদের সমঝতায় আসলে দান করে দিতে পারি; জোর করলে একফুটও জমি দেব না।"

গ্রামবাসিদের উদ্বেগ "এই জমিটি একজন দাতা

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে শারদীয় দুর্গোৎসবের উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে যথাযোগ্য ধর্মীয় মর্যাদা ও উৎসবমুখর পরিবেশে শ্রী শ্রী শারদীয় দুর্গোৎসব ২০২৫ এর উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার (২৮ সেপ্টেম্বর) সন্ধ্যায় বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ মেহেরপুর জেলা শাখার আয়োজনে উদ্বোধনী অনুষ্ঠানটি হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব

২-এর পৃষ্ঠা দেখুন

## মাদক মামলায় চার আসামীর সাজা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০ সালের বিভিন্ন ধারায় চার আসামীকে সাজা প্রদান করেছে আদালত। গতকাল রোববার (২৮ সেপ্টেম্বর) চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী'র আদালত পৃথক দুটি মামলায় এ রায় ঘোষণা করেন। আদালত সূত্রে জানা গেছে, মাদক রাখার অভিযোগে আসামী মোঃ স্বপনকে ৬ মাসের কারাদণ্ড ও ৫ হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়েছে। অর্থদণ্ড অনাদায়ে তাকে আরও ১৫ দিনের কারাদণ্ড ভোগ করতে হবে। মামলার বিবরণে

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে জেলা প্রশাসনের একাধিক সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে একাধিক সভা ও সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার (২৮ সেপ্টেম্বর) জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভাগুলো অনুষ্ঠিত হয়। দিনব্যাপী এসব সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। সভাগুলোতে অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাখাপি

২-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়ায় ১৮ জুয়াড়িকে কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক

কুষ্টিয়ার ভেড়ামারায় প্রকাশ্য জুয়া খেলার অপরাধে ১৮ জনকে বিভিন্ন সময়ের কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমান আদালত। শনিবার (২৭ সেপ্টেম্বর) রাতে দক্ষিণ রেলগেটস্থ শাহিনের মুদি দোকানের পাশে একটি ঘরে জুয়া খেলার খবর পেয়ে ভেড়ামারা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ আনোয়ার হোসাইন এবং কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি)-র সহকারী পরিচালক মোঃ জাকিরুল ইসলাম নেতৃত্বে অভিযান চালানো হয়। অভিযান শেষে ১৮ জনকে হাতেনাতে

২-এর পৃষ্ঠা দেখুন



## ধানের শীষের পক্ষে গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

পৌর এলাকার শেখপাড়া আর কালাচাঁদপুরের অলিগলিতে হঠাৎ যেন জমে উঠল উৎসবের আমেজ। শিশুদের কৌতূহলী চোখ, দোকানের সামনে থেমে থাকা ক্রেতারা আর রাস্তার ধারে দাঁড়িয়ে থাকা প্রবীণরাও সবাই যেন অপেক্ষা করছিল নতুন এক মুখরোচক ঘটনার জন্য। সেই অপেক্ষার প্রহর ভাঙল ধানের শীষের প্রতীক হাতে নিয়ে মিছিল সদৃশ

২-এর পৃষ্ঠা দেখুন




## শ্যামপুরে বিএনপির কর্মী সম্মেলন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নে রোববার (২৮ সেপ্টেম্বর) বিকেলে শ্যামপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে বিএনপির কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। শ্যামপুর ইউনিয়ন বিএনপির আয়োজনে এ সম্মেলনে সভাপতিত্ব করেন ইউনিয়ন বিএনপির সভাপতি তোফাজ্জেল হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ইলিয়াস হোসেনের সঞ্চালনায় বিশেষ অতিথি ছিলেন সদর

২-এর পৃষ্ঠা দেখুন

## পশ্চিমাদের আগ্রাসনের কঠোর জবাব দেওয়ার হুঁশিয়ারি রাশিয়ার

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ পশ্চিমা বিশ্বকে সতর্ক করে বলেছেন, মস্কোর বিরুদ্ধে যেকোনো ধরনের আগ্রাসনের কঠোর জবাব দেওয়া হবে। শনিবার (২৭ সেপ্টেম্বর) জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে দেওয়া ভাষণে তিনি এ হুঁশিয়ারি দেন। ল্যাভরভ বলেন, "আমার দেশের বিরুদ্ধে যেকোনো আগ্রাসনের জবাব হবে কঠোর। ন্যাটো ও ইউরোপীয় ইউনিয়নের এ নিয়ে সন্দেহ থাকার কথা নয়, যারা তাদের ভোটারদের বলছেন যে রাশিয়ার সঙ্গে যুদ্ধ অনিবার্য।" তিনি অভিযোগ করেন, ন্যাটো ও ইউরোপীয় ইউনিয়ন রাশিয়াকে নিয়ে অযথা যুদ্ধংদেহী মনোভাব

২-এর পৃষ্ঠা দেখুন



## শুভরাজপুরে জামায়াতে ইসলামী'র গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের শুভরাজপুর গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকালে এ গণসংযোগ কর্মসূচি পালিত হয়। গণসংযোগের নেতৃত্ব দেন মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এছাড়া উপস্থিত ছিলেন মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, জেলা সেক্রেটারি ইকবাল হুসাইন, সদর উপজেলা আমির সোহেল রানা, বিভিন্ন

২-এর পৃষ্ঠা দেখুন

# লাঙল নিয়ে তিন 'জাপার' টানাটানি

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় পার্টির (জাপা) নির্বাচনী প্রতীক লাঙল নিয়ে আবারও দ্বন্দ্ব শুরু হয়েছে। দলটির মধ্যে বিভক্ত হয়ে থাকা বিভিন্ন গ্রুপের মধ্যে এবার নতুন করে প্রতীকের দাবি তুলেছেন ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদের নেতৃত্বাধীন অংশ। শনিবার (২৮ সেপ্টেম্বর) গুলশানে এক সংবাদ সম্মেলনে আনিসুল ইসলাম বলেন, দলের গঠনতন্ত্র ও গণপ্রতিনিধিত্ব আদেশ অনুযায়ী ৯ আগস্ট অনুষ্ঠিত কাউন্সিলে তিনি চেয়ারম্যান এবং এবিএম রুহুল আমিন হাওলাদার মহাসচিব নির্বাচিত হয়েছেন। সে অনুযায়ী জাপার বৈধ নেতৃত্ব তাদের হাতে রয়েছে এবং লাঙল প্রতীকের দাবিদারও তারাই। তিনি অভিযোগ করেন, "কিছু পক্ষ নির্বাচন কমিশনে ভিন্ন ভিন্ন আবেদন দিয়ে বিভ্রান্তি ছড়াচ্ছে।" অন্যদিকে, জি এম কাদেরের নেতৃত্বাধীন জাতীয় পার্টি এ দাবি নাকচ করেছে। দলের মহাসচিব ব্যারিস্টার শামীম হায়দার পাটোয়ারি বলেন, "জি এম কাদেরই কাউন্সিলে নির্বাচিত বৈধ চেয়ারম্যান। পরবর্তী কাউন্সিল না হওয়া পর্যন্ত তার নেতৃত্ব বহাল থাকবে। অন্য কেউ কাউন্সিল ডাকলেও তা অবৈধ। ফলে লাঙল প্রতীক জি এম কাদেরেরই।" এর আগে গত বৃহস্পতিবার প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন সাংবাদিকদের বলেন, "জাতীয় পার্টির লাঙল প্রতীকের দাবিদার একাধিক। আসল মালিক কে, তা আমরা খুঁজে পাচ্ছি না।" বর্তমানে জাতীয় পার্টি নামে ছয়টি দল সক্রিয় রয়েছে, এর মধ্যে তিনটি লাঙল প্রতীক দাবি

২-এর পৃষ্ঠা দেখুন


মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক


অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর {ভেজাল ওষুধের ঝুঁকিতে মেহেরপুর}

চালে ভেজাল ডালে ভেজাল
ভেজাল খাবার পানিতে
এখন ভেজাল যাচ্ছে পাওয়া
জীবন রক্ষার ওষুধে।
কিনছি ঔষুধ টাকা দিয়ে
খাচ্ছি শুধু আটা
ভেজাল ওষুধ আনছি কিনে
নষ্ট হচ্ছে টাকা।
ওষুধ খেয়ে সারছে না রোগ
আরো হচ্ছে জটিল
ঔষুধ নীতির আইন গুলো
আচ্ছা বড় কঠিন।
আইন আছে প্রয়োগ নাই
আমজনতা জানে
আইন করে দিলেও সাজা
কয়জনে তা মানে ।



## ভৈরব নদীকে বাঁচাল যুব ফোরাম

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার উজলপুর ভৈরব নদীর পাড়ে নেমে এসেছে এক ব্যস্ততা, কিন্তু ব্যস্ততা নয় এটা স্বেচ্ছাশ্রমের আনন্দ। বিশ্ব নদী দিবস উপলক্ষে মেহেরপুর যুব ফোরাম আয়োজন করেছে কচুরিপানা পরিষ্কার অভিযান। নদীর বুকে ছড়ানো সবুজ কচুরিপানা একে একে

২-এর পৃষ্ঠা দেখুন

## মিত্র দলগুলোকে ৫০ আসন ছাড় দেবে বিএনপি: মেজর হাফিজ

সূর্যোদয় প্রতিবেদন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে অর্ধেক আসনে প্রার্থী চূড়ান্ত করেছে বিএনপি। দলটির স্থায়ী কমিটির সদস্য মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ এক বেসরকারি টেলিভিশনকে জানান, দ্রুত প্রার্থী তালিকা প্রকাশ করে দল প্রচারণায় মাঠে নামবে। হাফিজ উদ্দিন জানান, বিএনপি মোট ৭০ শতাংশ আসনে একক প্রার্থী দেওয়ার পরিকল্পনা করছে। ইতিমধ্যে অর্ধেক আসনে প্রার্থী চূড়ান্ত হয়েছে। বাছাইয়ের ক্ষেত্রে গুরুত্ব দেওয়া হয়েছে প্রার্থীর ত্যাগ, অভিজ্ঞতা, জনপ্রিয়তা এবং ক্লিন ইমেজকে। তিনি আরও বলেন, জনপ্রিয়তা

২-এর পৃষ্ঠা দেখুন



## আমদহে তারুণ্যের উৎসব ফুটবল: ৬ ও ৭ নম্বর ওয়ার্ড ফাইনালে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদের উদ্যোগে তারুণ্যের উৎসব উপলক্ষে ওয়ার্ড ভিত্তিক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে ৬ নম্বর ও ৭ নম্বর ওয়ার্ড ফাইনালে উঠেছে। গতকাল রবিবার বিকেলে

২-এর পৃষ্ঠা দেখুন


সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
■ বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ সোমবার ॥ ১৪ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ২৯ সেপ্টেম্বর ২০২৫ইং


# গণঅভ্যুত্থান-পরবর্তী অর্থনীতিকে বাঁচিয়ে রেখেছে রেমিট্যান্স : প্রধান উপদেষ্টা




সূর্যোদয় প্রতিবেদন

প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস প্রবাসী বাংলাদেশিদের অবদানকে বিশেষভাবে স্বীকৃতি দিয়ে বলেছেন, জুলাইয়ের গণঅভ্যুত্থানের পর দেশের অর্থনীতিকে সচল রাখতে প্রধান চালিকা শক্তি হিসেবে কাজ করেছে প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স। শনিবার (২৭ সেপ্টেম্বর) নিউইয়র্কের টাইমস স্কয়ারসংলগ্ন ম্যানহাটনের মেরিয়ট মার্কুইস হোটেলে আয়োজিত "এনআরবি কানেক্ট ডে: এমপাওয়ারিং গ্লোবাল বাংলাদেশিজ" শীর্ষক সমাবেশে তিনি এ মন্তব্য করেন। এতে বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশি অংশ নেন। "আমাদের অর্থনীতি একেবারে নিচে নেমে গিয়েছিল। আপনাদের পাঠানো রেমিট্যান্সই তা বাঁচিয়েছে। অর্থনীতিকে শক্তিশালী করার পেছনে প্রবাসীদের এই অবদানই মূল চালিকা শক্তি।" তিনি প্রবাসীদের বাংলাদেশের অংশ হিসেবে বিবেচনা করে আত্মবিশ্বাসের সঙ্গে বিনিয়োগ ও নতুন ধারণা নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান। একইসঙ্গে তিনি প্রতিশ্রুতি দেন, আগামী জাতীয় নির্বাচনে প্রবাসীদের ভোটাধিকার নিশ্চিত করা হবে। ড. ইউনূস বাংলাদেশের তরুণ জনশক্তিকে দেশের

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## যেভাবে দই খেলে উপকার বেশি পাবেন

সূর্যোদয় প্রতিবেদন

তাপমাত্রা বেড়েই চলছে। এই গরমে পানিশূন্যতা একটি বড় সমস্যা। আমরা বিভিন্ন পানীয় খেয়ে সেই পানিশূন্যতা দূর করার চেষ্টা করি। এর মধ্যে রয়েছে তরমুজ, শসা, ডাবের পানি, কমলা, পানি-সমৃদ্ধ সবজি ইত্যাদি। এগুলো শরীরকে ঠান্ডা রাখে। তবে এগুলো ছাড়াও গরমের সময় দই খেলে শরীর ঠান্ডা থাকে। দই খাওয়া স্বাস্থ্যের জন্যও খুবই ভাল। দই খাওয়ার সঠিক নিয়ম নির্ভর করে আপনার স্বাস্থ্য, অভ্যাস এবং খাওয়ার উদ্দেশ্যের ওপর। সাধারণভাবে কিছু নিয়ম অনুসরণ করলে দই থেকে সর্বোচ্চ পুষ্টিগুণ পাওয়া সম্ভব। দই খাওয়ার আগে এতে সামান্য পানি মেশাতে হবে, কারণ দইয়ের প্রকৃতি গরম, এমন অবস্থায় পানি যোগ করলে ভারসাম্য তৈরি হয় এবং দই ক্ষতিকর না হয়ে উপকারী হয়। লবণ দিয়ে দই খাওয়া শরীরের জন্য ক্ষতিকর। কেউ যদি দই খেতে পছন্দ করেন, তাহলে দইয়ের সঙ্গে চিনি, আমলকির গুঁড়ো, মধু ইত্যাদি মিশিয়ে খেতে পারেন। এটি শরীরকে বিভিন্ন পুষ্টি সরবরাহ করে। গরম দই শরীরের জন্য বেশ বিপজ্জনক হতে পারে। দই গরম খাবারের সঙ্গে

৩-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুর জেলা পরিষদের শিক্ষাবৃত্তির আবেদন

সূর্যোদয় প্রতিবেদন

মেহেরপুর জেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০২৫-২৬ অর্থবছরে এ জেলার অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন শিক্ষাবৃত্তি প্রদান করা হবে। জেলা পরিষদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। শিক্ষাবৃত্তি পেতে আবেদনকারী ছাত্রছাত্রীদের অবশ্যই মেহেরপুর জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠানে পড়াশোনা করা নিয়মিত শিক্ষার্থী হতে হবে। আবেদনকারী ছাত্রছাত্রীকে ২০২৪ ও ২০২৫ সালের অনুষ্ঠিত এসএসসি বা এইচএসসি বা সমমানের পরীক্ষায় এবং ২০২৫ সালের অনুষ্ঠিত এসএসসি বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.৮০ থাকতে হবে। শিক্ষাবৃত্তির আবেদন এর জন্য আবেদনপত্রের নমুনা ফরম ওয়েবসাইট অথবা জেলা পরিষদ, মেহেরপুরের কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। নির্ধারিত ফরমে আবেদনপত্র ১২ অক্টোবর ২০২৫ তারিখের অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে জেলা পরিষদ, মেহেরপুরের কার্যালয়ে পৌঁছাতে হবে। আবেদনপত্রের নির্ধারিত তারিখের পরে কোনো আবেদন গ্রহণযোগ্য নয়। অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রের সঙ্গে মূল মার্কশিটের সত্যায়িত ফটোকপি, সম্প্রতি তোলা এক কপি পাসপোর্ট ও এক কপি স্ট্যাম্প সাইজের সত্যায়িত ছবি, নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানের সুপারিশ ও প্রত্যয়নপত্র, নাগরিকত্ব সনদের মূল কপি এবং অভিভাবকের আয়ের উৎস ও বার্ষিক আয়বিষয়ক প্রত্যয়নপত্র (প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক স্বাক্ষরিত) অবশ্যই সংযুক্ত করতে
আবেদনপত্র নিজ হাতে পূরণ করতে হবে।

## এক বছরেও পুনর্গঠন হয়নি তথ্য কমিশন

সূর্যোদয় প্রতিবেদন

দেশে এক বছরের বেশি সময় পেরিয়ে গেলেও তথ্য কমিশন পুনর্গঠন করতে পারেনি অন্তর্বর্তীকালীন সরকার। প্রধান তথ্য কমিশনার, দুই কমিশনার ও সচিব নিয়োগ না হওয়ায় কমিশন কার্যক্রম চালানোও কঠিন হয়ে পড়েছে। এর ফলে অসংখ্য অভিযোগ নিষ্পত্তির অপেক্ষায় রয়েছে। গত বছর জুলাই আন্দোলনের মধ্য দিয়ে ক্ষমতা পরিবর্তনের পর ৫ সেপ্টেম্বর প্রধান তথ্য কমিশনার আবদুল মালেক ও তথ্য কমিশনার শহীদুল আলম ঝিনুক পদত্যাগ করেন। চলতি বছরের ২০ জানুয়ারি তথ্য কমিশনার মাসুদা ভাট্টিকে অপসারণ করা হয়। এরপর ৩ সেপ্টেম্বর তথ্য কমিশনের সচিব জুবাইদা নাসরীনের চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করে অন্তর্বর্তী সরকার। এর ফলে তথ্য কমিশনের শীর্ষ

৩-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালিত

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার বেলা সাড়ে ১২ টায় জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন, জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম। সহকারী কমিশনার (ভূমি) আশফাকুর রহমানের সঞ্চালনায় এতে বক্তব্য দেন, জেলা তথ্য অফিসার শিল্পী মন্ডল, অতিরিক্ত পুলিশ সুপার জামাল আল নাসের, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ, দৈনিক প্রথম আলোর জেলা প্রতিনিধি শাহআলম সনি। সভায় উপস্থিত ছিলেন,

৩-এর পৃষ্ঠা দেখুন

## ফিলিস্তিনকে রাষ্ট্রের স্বীকৃতির পক্ষে বারাক ওবামা

সূর্যোদয় প্রতিবেদন

ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার পক্ষে কথা বলেছেন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা। গাজায় চলমান ভয়াবহ মানবিক সংকটকে "অগ্রহণযোগ্য" আখ্যা দিয়ে তিনি বলেন, একটি নিরাপদ ইসরায়েলের পাশাপাশি স্বতন্ত্র ফিলিস্তিন রাষ্ট্র গঠন ছাড়া স্থায়ী সমাধান সম্ভব নয়।
ওবামার কার্যালয় থেকে প্রকাশিত বিবৃতিতে বলা হয়, "গাজায় শিশুদের অনাহারে থাকতে দেওয়া যাবে না। ধ্বংসস্তূপে পরিণত হওয়া গাজাকে আরও গুঁড়িয়ে দেওয়ার কোনো সামরিক যুক্তি নেই।" শুক্রবার আয়ারল্যান্ডের রাজধানী ডাবলিনে এক অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট। সেখানে তিনি বলেন, "আমি ইসরায়েলের সব নীতির সঙ্গে একমত নই। এ

৩-এর পৃষ্ঠা দেখুন



## মামলা তদন্তে বাণিজ্য, অনিয়মের অভিযোগ বিদ্যুৎ বিহারীর বিরুদ্ধে

সূর্যোদয় প্রতিবেদন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ইন্সপেক্টর বিদ্যুৎ বিহারী নাথের বিরুদ্ধে দায়িত্বে অবহেলা, সাজানো অভিযান, মামলা বাণিজ্য ও ঘুষ লেনদেনের মতো গুরুতর অভিযোগ উঠেছে। খাগড়াছড়ি থেকে বদলি হয়ে তিনি গত ১১ সেপ্টেম্বর মেহেরপুর জেলা কার্যালয়ে যোগ দেওয়ার পরপরই বিতর্কিত অভিযানে জড়িয়ে পড়েন। স্থানীয় সূত্র জানায়, তিনি অভিযানের নামে এক ব্যক্তির ব্যাগ তল্লাশির আড়ালে সেটি সরিয়ে নেন। প্রত্যক্ষদর্শীদের অভিযোগ, এমন কর্মকাণ্ডের পেছনে ছিল মাসোহারা আদায়ের ছক। এর আগেও টেকনাফে দায়িত্ব পালনকালে তার বিরুদ্ধে নানা অভিযোগ ওঠে। ২০২১ সালের ২৫ আগস্ট টেকনাফের হাবিবছড়া এলাকায় ২ লাখ ৫০ হাজার ইয়াবা জব্দের

৩-এর পৃষ্ঠা দেখুন



## ২৪ মিনিটে শেষ বাংলাদেশ-হংকং ম্যাচের টিকিট

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ৯ অক্টোবর এএফসি এশিয়ান কাপ বাছাইপর্বে ঘরের মাঠে হংকংয়ের বিপক্ষে মাঠে নামবে বাংলাদেশ। সেই ম্যাচকে সামনে রেখে আজ অনলাইনে টিকিট বিক্রি শুরু করে বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে)। শুরু হওয়ার মাত্র ২৪ মিনিটের মধ্যেই সব টিকিট বিক্রি


৩-এর পৃষ্ঠা দেখুন

## আফগানিস্তান সিরিজেও নেই লিটন, ফিরলেন সৌম্য

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ টি-টোয়েন্টি দলের নিয়মিত অধিনায়ক লিটন দাস এশিয়া কাপে চোট পাওয়ায় আফগানিস্তান সিরিজ থেকেও ছিটকে পড়েছেন। তার পরিবর্তে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজে দলকে নেতৃত্ব দেবেন জাকের আলী অনিক। বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) আগামী ২, ৩ ও ৫ অক্টোবর সংযুক্ত আরব আমিরাতের শারজায় অনুষ্ঠিত তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের জন্য ১৫ সদস্যের দল ঘোষণা করেছে। জাতীয় দলের ফিজিও বাজেদুল ইসলাম খান জানিয়েছেন, "লিটন এশিয়া

৩-এর পৃষ্ঠা দেখুন



## তামিলনাড়ুতে থালাপতির জনসভায় পদদলিত হয়ে নিহত বেড়ে ৩৮

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের তামিলনাড়ু রাজ্যে জনপ্রিয় অভিনেতা ও নতুন রাজনীতিক থালাপতি বিজয়ের দল তামিলাগা ভেট্রি কাজাগমের (টিভিকে) এক জনসভায় মর্মান্তিক পদদলিত ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৮ জনে। নিহতদের মধ্যে তিন শিশু রয়েছে। এছাড়া আহত হয়েছেন

৩-এর পৃষ্ঠা দেখুন

## প্রকাশ্যে এলেন নেপালের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী, বললেন 'দেশ ছেড়ে পালাবো না'

সূর্যোদয় প্রতিবেদন

নেপালের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী ও সিপিএন-ইউএমএল চেয়ারম্যান কে পি শর্মা ওলি প্রকাশ্যে এসে জানিয়েছেন, তিনি দেশ ছেড়ে পালাবেন না এবং বর্তমান সরকারের হাতে নেপাল হস্তান্তর করবেন না। শুক্রবার (২৭ সেপ্টেম্বর) ভক্তপুরের গুণ্ডুতে দলের যুব সংগঠনের এক অনুষ্ঠানে তিনি বলেন, "আপনারা কি মনে করেন, আমরা এই ভিত্তিহীন সরকারের হাতে দেশ তুলে দিয়ে পালিয়ে যাব?" তিনি দলের বিশ্বস্ত কর্মীদের উদ্দেশে দাবি করেন, তারা নেপালকে পুনরায় গড়ে তুলবেন এবং

৩-এর পৃষ্ঠা দেখুন


✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044


প্রযুক্তি

## ১৫ সেকেন্ডে হৃদ্‌রোগ শনাক্ত

সূর্যোদয় প্রতিবেদন

চিকিৎসা বিজ্ঞানে যুক্ত হলো নতুন যুগের প্রযুক্তি মাত্র ১৫ সেকেন্ডেই হৃদ্?রোগ শনাক্ত করতে সক্ষম কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তিনির্ভর একটি আধুনিক স্টেথোস্কোপ উদ্ভাবন করেছেন ব্রিটিশ গবেষকরা। বিশেষজ্ঞদের মতে, এ যন্ত্র হৃদ্?রোগ চিকিৎসায় যুগান্তকারী পরিবর্তন আনতে পারে।
যুক্তরাজ্যের ইম্পেরিয়াল কলেজ লন্ডন এবং ইম্পেরিয়াল কলেজ হেলথকেয়ার এনএইচএস ট্রাস্টের গবেষক দল এ স্টেথোস্কোপ তৈরি করেছেন। এর সাহায্যে শনাক্ত করা যাবে : হার্ট ফেইলিউর, হার্ট ভালভের সমস্যা, অস্বাভাবিক হার্টবিট।ডিভাইসটি মানুষের কানে শোনা না যাওয়া মৃদু হার্টবিট কিংবা রক্তপ্রবাহের সূক্ষ্ম পার্থক্যও ধরতে সক্ষম। আকারে একটি তাসের কার্ডের মতো ছোট এবং সহজে



বহনযোগ্য। তবে এটি সাধারণ স্বাস্থ্য পরীক্ষার জন্য নয়, হৃদ্?রোগের উপসর্গ দেখা দিলে ব্যবহারযোগ্য। স্পেনের মাদ্রিদে ইউরোপিয়ান সোসাইটি

৩-এর পৃষ্ঠা দেখুন


মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্ট্রেলিয়া) সিসিডি, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা



হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ



এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308



কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা|
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।



ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুষ্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, সোমবার, ২৯ সেপ্টেম্বর ২০২৫ ইং

## ভেজাল ওষুধের অভিশাপ থেকে মুক্তি চাই

ওষুধ মানুষের জীবনের সঙ্গে জড়িত সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান। অথচ এই ওষুধেই যদি ভেজাল ও প্রতারণার বিষ ঢুকে যায়, তবে তা এক ভয়াবহ সামাজিক বিপর্যয়ের রূপ নেয়। মেহেরপুরসহ দেশের বিভিন্ন এলাকায় ভেজাল ও নিম্নমানের ওষুধের অবাধ বিক্রির যে চিত্র উঠে এসেছে, তা নিঃসন্দেহে উদ্বেগজনক। শিশুদের জন্য নিষিদ্ধ করা গ্রাইপো থেকে শুরু করে জীবনরক্ষাকারী অ্যান্টিবায়োটিক, ইনজেকশন কিংবা ব্যথানাশকড়কোনো কিছুই বাদ যাচ্ছে না। ফার্মেসি থেকে মুদি দোকান, এমনকি পান-সিগারেটের দোকানেও এসব ওষুধ বিক্রি হচ্ছে। এর দায় শুধু অসাধু ব্যবসায়ীদের নয়, বরং ওষুধ প্রশাসন অধিদফতরের দুর্বল তদারকি, আইনের যথাযথ প্রয়োগের অভাব এবং কিছু চিকিৎসকের অনৈতিক ভূমিকার কারণেও এই ভয়াবহ পরিস্থিতি সৃষ্টি হয়েছে। ভেজাল ওষুধে মানুষ সুস্থ হওয়ার পরিবর্তে দীর্ঘমেয়াদি জটিলতায় আক্রান্ত হচ্ছেন। রোগ বাড়ছে, চিকিৎসা ব্যয় বাড়ছে, অথচ আরোগ্য আসছে না। সাধারণ মানুষ এক অদৃশ্য মৃত্যুঝুঁকির মুখোমুখি দাঁড়িয়ে আছে। এখন প্রশ্ন হলো, সমাধান কোথায়? প্রথমত, ওষুধ প্রশাসন অধিদফতরকে মাঠপর্যায়ে কঠোর নজরদারি বাড়াতে হবে। নিয়মিত ভ্রাম্যমাণ আদালত পরিচালনা, ভেজাল ওষুধের উৎসস্থল ঢাকার মিটফোর্ড ও খুলনার হেরাজ মার্কেটের মতো কেন্দ্রগুলোতে অভিযান জোরদার করতে হবে। দ্বিতীয়ত, অসাধু ব্যবসায়ী ও সংশ্লিষ্ট চিকিৎসকদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে। তৃতীয়ত, সাধারণ মানুষকেও সচেতন হতে হবেড়অপরিচিত কোম্পানির ওষুধ কেনা থেকে বিরত থাকতে হবে এবং প্রয়োজনে অভিযোগ করতে হবে। ভেজাল ওষুধের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি ছাড়া এ সমস্যা সমাধান সম্ভব নয়। মানুষের জীবন নিয়ে ব্যবসা করা এক ভয়ঙ্কর অপরাধ, আর এই অপরাধের শিকল যত দ্রুত ছিঁড়ে ফেলা যাবে, তত দ্রুতই সাধারণ মানুষ নিশ্চিন্তে ওষুধ সেবনের অধিকার ফিরে পাবে।

## সীমান্ত নিরাপত্তায় প্রযুক্তির আলো মেহেরপুরে নতুন দিগন্ত

রাবেয়া বসরী অন্তরা



মেহেরপুরের জেলার চারপাশে ভারতের সঙ্গে রয়েছে লম্বা সীমান্ত, প্রায় ৮৫ কিলোমিটার জুড়ে। এই দীর্ঘ সীমান্ত পাহ-ারা দেয়াটা সবসময় ছিল একটি বড় চ্যালেঞ্জ। এতদিন ধরে এই সীমান্ত পাহারা দিচ্ছে বিজিবি ( বর্ডার গার্ড বাংলাদেশ) এবং স্থানীয় আনসার সদস্যরা, কিন্তু কেবল মানবশক্তি দিয়ে পুরো সীমান্ত নিয়ন্ত্রণ করা কঠিন। তাই এখন চারপাশে আলোচনা চলছে - যদি প্রযুক্তি এসে পাশে দাঁড়ায়, তাহলে কি হতে পারে! সীমান্তের ঝুঁকিপূর্ণ পয়েন্টগুলো তে সেন্সর- ক্যামেরা নেটওয়ার্ক বসানো হলে সীমান্তে ২৪ ঘণ্টা নজরদারি সম্ভব। কারণ এই ক্যামেরা গুলো তখন ঘন্টা চালু থাকবে।এর সবচেয়ে বড় সুবিধা হলো যেকোনো সন্দেহজনক কর্মকাণ্ড খুবই দ্রুত শনাক্ত করা সম্ভব হবে।যদি কোথাও কোনো সন্দেহজনক নারাচড়া দেখা যায় তাহলে সঙ্গে সঙ্গেই কন্ট্রোল রুমে খবর পৌঁছে যাবে, ফলে দ্রুত ব্যবস্থা নেয়া যাবে। এতে চোরাচালান, মানবপাচার এবং অবৈধ পারাপার কমানো সহজ হতে পারে।এমনকি রাতের অন্ধকারে কিংবা দুর্যোগপূর্ণ আবহাওয়ায়ও কার্যক্রম নজরে রাখা সম্ভব।

মেহেরপুর সীমান্ত দিয়ে ফেনসিডিল, গরু, এমনকি স্বর্ণ চোরাচালানের ইতিহাস অনেক পুরনো। মাঝে মধ্যে মানবপাচারের ঘটনাও ধরা পড়ে। এইসবকিছুর কারণে সীমান্তে মানুষের জীবন সরাসরি বেপকভাবে প্রভাবিত হয়। অনেকসময় স্থানীয় গ্রামে আতঙ্ক ছড়িয়ে পড়ে, আবার তরুণদের অবৈধ কাজে জড়িয়ে পড়ার আশঙ্কা থাকে। সেন্সর ক্যামেরা চালু হলে একপর্যায় দেখা যাবে যে এইসব কার্যকলাপ দ্রুত শনাক্ত করা যাচ্ছে, ফলে অপরাধ কমবে বলে আশা করা যেতে পারে।সম্প্রতি মেহেরপুর সীমান্ত এলাকাতে বিজিবি ও বিএসএফ এর নজরদারি এবং তৎপরতা বাড়ানো হয়েছে। যদিও সেন্সর ক্যামেরা স্থাপনের কোনো নিশ্চিত ঘোষণা নেই, সীমান্তে অতিরিক্ত টহল ও নজরদারি বাড়ানো হয়েছে।

এতে দেখা যাচ্ছে সীমান্ত নিরাপত্তা জোরদারের জন্য পরিকল্পনা চলছে। এই পরিস্থিতি আধুনিক প্রযুক্তির সম্ভাব্য সুবিধার সাথে সমঞ্জস্যপূর্ণ । এছাড়াও সেন্সর ক্যামেরা শুধু চোরাচালান রোধেই নয়, সীমান্তে অবৈধ পারাপার, সংঘর্ষ কিংবা অপরাধমূলক কর্মকাণ্ড প্রতিরোধেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সীমান্তের মানুষও এতে উপকৃত হবে।

সব মিলিয়ে, মেহেরপুর সীমান্তে প্রযুক্তির ব্যবহার অপরাধ দমনে এবং নিরাপত্তা আরও জোরদার করতে খুবই কার্যকর ভূমিকা পালন করবে। যদিও এখন পর্যন্ত প্রকল্পটি বাস্তবায়ন হয়নি, তবে এর সম্ভাব্য সুবিধা স্থানীয় জনগণকে এবং সীমান্ত অপরাধ কমাতে ভূমিকা রাখতে পারে। অন্যদিকে সফলতার জন্য এর নিয়মিত রক্ষণাবেক্ষণ, বিদ্যুৎ সংযোগ এবং প্রশিক্ষিত জনবল নিশ্চিত করা আবশ্যক।

(বিবিএ, এমবিএ) বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

## আদর্শ স্ত্রীর ৫ গুণ

মুহাম্মদ আল আমিন

পৃথিবীর সবচেয়ে গভীরতম সম্পর্ক স্বামী স্ত্রীর। এ সম্পর্কের চেয়ে মধুর কোনো সম্পর্ক নেই। শান্তিময় ও সুখী পরিবার গঠনে আদর্শ স্ত্রীর বিকল্প নেই। স্ত্রীর পাঁচটি গুণ এমন রয়েছে যেগুলোর মাধ্যমে স্বামী তার প্রতি বেশি আকৃষ্ট হয় এবং সংসারে সুখ-শান্তি বৃদ্ধি পায়। নিম্নে আদর্শ স্ত্রীর সে পাঁচটি গুণ তুলে ধরা হলো : এক. স্বামীকে যথাযথ সম্মান করা: রাসুল (সা.) বলেছেন, 'আমি যদি (আল্লাহ ছাড়া) অন্য কাউকে সিজদা করার হুকুম দিতাম, তবে স্ত্রীকে তার স্বামীর প্রতি সিজদা করার হুকুম দিতাম।' দুই. স্বামীর আদেশ পালন করা: রাসুল (সা.) বলেছেন, 'নারী যখন পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করবে, রমজান মাসের রোজা রাখবে, নিজের লজ্জাস্থানের হেফাজত করবে, স্বামীর অনুগত হবে, তখন জান্নাতের যে কোনো দরজা দিয়ে ইচ্ছা প্রবেশ করবে।" তিন. স্বামীকে ভালোবাসা: রাসুল (সা.) বলেছেন, এমন নারীকে বিয়ে করো যে প্রেমময়ী এবং অধিক সন্তান প্রসবকারী।'

চার. স্বামীর আমানত রক্ষা করা: স্ত্রীর অন্যতম গুরুত্বপূর্ণ দায়িত্ব হলো- স্বামীর অনুপস্থিতিতে নিজের সতীত্ব ও স্বামীর সম্পদের হেফাজত করা। মহান আল্লাহ বলেন, 'সাধ্বী স্ত্রীরা হয় অনুগত এবং আল্লাহ যা হেফাজতযোগ্য করে দিয়েছেন, লোকচক্ষুর অন্তরালে তার হেফাজত করে।' (সুরা নিসা: ৩৪)

পাঁচ. স্বামীকে খুশি রাখা: রাসুল (সা.) বলেছেন, আমি কি তোমাকে মানুষের সর্বোত্তম সম্পদ সম্পর্কে অবহিত করব না? তা হলো, নেককার স্ত্রী। সে (স্বামী) তার (স্ত্রীর) দিকে তাকালে স্ত্রী তাকে আনন্দ দেয়। তাকে কোনো নির্দেশ দিলে সে তা মেনে নেয়। সে যখন তার থেকে অনুপস্থিত থাকে, তখন সে তার সতীত্ব ও তার সম্পদের হেফাজত করে। (আবু দাউদ

## মেহেরপুরে কবরস্থানের জায়গা

(প্রথম পৃষ্ঠার পর)

১৯৭৫ সালে কবরস্থানের জন্য দান করেছিলেন। দীর্ঘদিন ধরে এটি স্থানীয় কমিটির তত্ত্বাবধানে ছিল। হঠাৎ করে এমন হুমকি এবং দখলের চেষ্টা পুরো এলাকায় উদ্বেগ সৃষ্টি করেছে।"

## উৎসবের আবহে নতুন নেতৃত্বকে বরণ

(প্রথম পৃষ্টার পর)

নতুন নেতৃত্ব গাংনীতে বিএনপিকে আরও শক্তিশালী করবে, সাধারণ মানুষের পাশে দাঁড়াবে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলার সাবেক সহ-সভাপতি আলমগীর খান সাতু, ইলিয়াস হোসেন, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব জাকির হোসেন, সাবেক সভাপতি রেজাউল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা সামসুল আলম সোনা, পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা, সাধারণ সম্পাদক সাইদুল ইসলামসহ অসংখ্য নেতাকর্মী। তাদের অনেকেই দীর্ঘদিন পর একই মঞ্চে মিলিত হয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন। সবচেয়ে আকর্ষণীয় মুহূর্ত ছিল যখন জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন পূর্ণাঙ্গ কমিটির নাম ঘোষণা করলেন। একে একে নতুন নেতাদের ডেকে মঞ্চে তুললেন, হাতে তুলে দিলেন ফুল। এসময় মাঠে উপস্থিত সবাই দাঁড়িয়ে করতালি দিয়ে বরণ করলেন নতুন নেতৃত্বকে। ফুলের মালা আর করতালির সেই ধ্বনি মিলেমিশে যেনো এক উৎসবের আবহ তৈরি করেছিল।

## বিএনপির সামনে তরুণদের মন

(প্রথম পৃষ্টার পর)

ভরাডুবি নিয়ে চলছে তুমুল আলোচনা। ডাকসু নির্বাচনে কেন্দ্রীয় সংসদের একটি পদেও জিততে পারেনি সংগঠনটি। ভরাডুবির কারণ হিসেবে সাংগঠনিক দুর্বলতা, অনুপযুক্ত প্রার্থী, অন্তর্কোন্দল, চাঁদাবাজি-দখলদারির অভিযোগ, গেস্টরুম কালচারের আতঙ্ক এবং দীর্ঘ সময় ক্যাম্পাসে অনুপস্থিতি দায়ী বলে মনে করছেন সংশ্লিষ্টরা। ছাত্রদলের সাবেক ভারপ্রাপ্ত সভাপতি রাশেদ ইকবাল খান বলেন, "দীর্ঘ সময় ক্যাম্পাসে অনুপস্থিতি, প্রশাসনিক প্রতিবন্ধকতা, অনুপ্রবেশকারীদের ঠেকাতে ব্যর্থতা ও সাংগঠনিক স্থবিরতাই মূলত এই বিপর্যয়ের কারণ।" বিএনপি ও এর অঙ্গ সংগঠনগুলো তরুণদের আকৃষ্ট করতে নানা উদ্যোগ নিচ্ছে। ছাত্রদল বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে খেলাধুলা, স্বাস্থ্যসেবা ও সাংস্কৃতিক কার্যক্রম আয়োজন করেছে। জাহাঙ্গীরনগরে হেপাটাইটিস বি ভ্যাক্সিনেশন প্রোগ্রাম, জগন্নাথে ফ্রি হেলথ ক্যাম্প এবং বিভিন্ন ক্যাম্পাসে ফুটবল, ব্যাডমিন্টন ও কোরআন তেলাওয়াত প্রতিযোগিতা আয়োজন করেছে সংগঠনটি। এছাড়া 'সবার আগে বাংলাদেশ' ক্যাম্পেইনের মাধ্যমে ঢাকাসহ চারটি শহরে কনসার্ট আয়োজন করে তরুণদের সম্পৃক্ত করার চেষ্টা করেছে বিএনপি। বিএনপির ঘোষিত ৩১ দফার মধ্যে যুবসমাজের জন্য রয়েছে আলাদা নীতিমালা। এর মধ্যে এক বছর বেকার ভাতা, দক্ষতা উন্নয়ন, সরকারি চাকরিতে বয়সসীমা বৃদ্ধি, ভোকেশনাল প্রশিক্ষণ ও আধুনিক প্রযুক্তি শিক্ষা অন্তর্ভুক্ত। যুবদলের সাধারণ সম্পাদক নুরুল ইসলাম নয়ন জানিয়েছেন, ক্ষমতায় গেলে প্রথম ১৮ মাসে এক কোটি তরুণের কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে। পাশাপাশি আত্মকর্মসংস্থান ও উদ্যোক্তা তৈরির প্রকল্পও হাতে নেওয়া হবে। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, তরুণরা আর স্লোগাননির্ভর রাজনীতি চায় না। তারা বাস্তবায়নযোগ্য পরিকল্পনা দেখতে চায়। তিনি প্রযুক্তিনির্ভর শিক্ষা, বিদেশি ভাষা শিক্ষা, আন্তর্জাতিক পেমেন্ট গেটওয়ে, স্টার্টআপ ফান্ড, ইনকিউবেশন সেন্টার এবং খেলাধুলাকে পেশা হিসেবে প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দিয়েছেন। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, তরুণদের আস্থা পেতে বিএনপিকে শুধু প্রতিশ্রুতিই নয়, বাস্তবায়নযোগ্য পরিকল্পনা ও বিশ্বাসযোগ্য নেতৃত্বের দৃষ্টান্ত রাখতে হবে। সাংগঠনিক দুর্বলতা কাটিয়ে ওঠা, ক্যাম্পাসে সক্রিয়তা বাড়ানো এবং তরুণদের জীবনের সঙ্গে সরাসরি সম্পর্কিত কর্মসংস্থান, শিক্ষা ও সংস্কৃতি খাতে বাস্তব উদ্যোগই নির্ধারণ করবে বিএনপির ভবিষ্যৎ।

## মেহেরপুরে শারদীয় দুর্গোৎসবের উদ্বোধন

(প্রথম পৃষ্টার পর)

করেন শ্রী শ্রী সিদ্ধেশ্বরী কালীমন্দির মেহেরপুরের সভাপতি শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব ড. অশোক চন্দ্র বিশ্বাসের সঞ্চালনায় বিশেষ অতিথি ছিলেন মেহেরপুরের পুলিশ সুপার মোঃ মনজুর আহমেদ সিদ্দিকী এবং সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম। এছাড়া আলোচক হিসেবে বক্তব্য দেন বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক মাধব চন্দ্র ভাস্কর, শ্রী শ্রী সিদ্ধেশ্বরী কালী মন্দিরের কোষাধ্যক্ষ শেখর দে এবং সাধারণ সম্পাদক শ্রী সুভাষ রায়।উদ্বোধনী অনুষ্ঠানে জেলার বিভিন্ন পূজামণ্ডপের আয়োজক ও সনাতন ধর্মাবলম্বীরা উপস্থিত থেকে উৎসবের আনন্দ ভাগ করে নেন।

## মাদক মামলায় চার আসামীর সাজা

(প্রথম পৃষ্টার পর)

উল্লেখ রয়েছে, ২০১৮ সালের ১১ ডিসেম্বর রাত ২টার দিকে পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর জেআর কাউন্টারের সামনে থেকে স্বপনকে ২ পিস ইয়াবাসহ আটক করে। আরেক মামলায়, মাদক বিক্রির অভিযোগে মোঃ রাকিবুর হাসানকে ১ বছরের কারাদণ্ড ও ৫ হাজার টাকা অর্থদণ্ডের আদেশ দিয়েছেন আদালত। এছাড়া, অপর দুই আসামী মোঃ সুমন ও মোঃ লিজনকে ৬ মাসের কারাদণ্ড এবং প্রত্যেককে ৫ হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়েছে। অর্থদণ্ড অনাদায়ে তাদেরকেও আরও ১৫ দিনের কারাদণ্ড ভোগ করতে হবে। মামলার বিবরণে জানা যায়, ২০১৮ সালের ৯ সেপ্টেম্বর মেহেরপুরের গোভিপুর গ্রামে পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে আসামীদের কাছ থেকে ৫১ পিস ইয়াবা উদ্ধার করে আটক করে। সাক্ষ্য-প্রমাণের ভিত্তিতে আসামীরা দোষী সাব্যস্ত হওয়ায় আদালত এ রায় প্রদান করেন। মামলার নথি অনুযায়ী, সাজাপ্রাপ্ত আসামীদের বিরুদ্ধে এর আগে মাদকসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডের একাধিক মামলা রয়েছে।

## পশ্চিমাদের আগ্রাসনের কঠোর জবাব

(প্রথম পৃষ্টার পর)

তৈরি করছে। এ সময় জার্মানিকে সামরিকবাদী বক্তব্যের জন্যও অভিযুক্ত করেন রুশ পররাষ্ট্রমন্ত্রী। ইউক্রেন যুদ্ধের পাশাপাশি সাম্প্রতিক সপ্তাহগুলোতে ন্যাটোর পূর্ব সীমান্তে উত্তেজনা আরও বেড়েছে। এস্তোনিয়া জানিয়েছে, মস্কো তাদের আকাশসীমায় তিনটি যুদ্ধবিমান পাঠিয়েছে। অপরদিকে ন্যাটোর যুদ্ধবিমানগুলো পোল্যান্ডের আকাশে রুশ ড্রোন ভূপাতিত করেছে। এ ঘটনাকে কেন্দ্র করে পূর্ব ইউরোপের দেশগুলোতে রাশিয়াকে নিয়ে উদ্বেগ বাড়ছে। শীতল যুদ্ধ-পরবর্তী সময়ে রাশিয়াকে সবচেয়ে বড় হুমকি হিসেবে দেখছে অনেক দেশ। এদিকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেন, ন্যাটোর আকাশসীমা লঙ্ঘনকারী রুশ যুদ্ধবিমান ভূপাতিত করার বিষয়টি তিনি সমর্থন করেন। একইসঙ্গে ইউক্রেনে রাশিয়ার সামরিক সক্ষমতাকে উপহাস করে একে "কাগুজে বাঘ" বলেও উল্লেখ করেন তিনি। জাতিসংঘে ভাষণ দেওয়ার পর সংবাদ সম্মেলনে ল্যাভরভ আরও বলেন, "যদি আমাদের আকাশসীমায় কোনো উড়ন্ত বস্তু ভূপাতিত করার চেষ্টা করা হয়, তাহলে আমাদের আঞ্চলিক অখণ্ডতা ও সার্বভৌমত্বের এই গুরুতর লঙ্ঘনের জন্য তারা খুব অনুতপ্ত হবে।" তিনি জোর দিয়ে বলেন, রাশিয়া কখনো ইউরোপীয় ইউনিয়ন বা ন্যাটো দেশগুলোর ওপর ড্রোন বা ক্ষেপণাস্ত্র হামলা চালায়নি এবং ভবিষ্যতেও এর কোনো পরিকল্পনা নেই।

## শ্যামপুরে বিএনপির কর্মী সম্মেলন

(প্রথম পৃষ্টার পর)

উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, জেলা বিএনপির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা। সম্মেলনে শ্যামপুর ইউনিয়ন বিএনপি এবং অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত থেকে দলীয় ঐক্য ও ভাবমূর্তির পরিচয় দেন।

## ধানের শীষের পক্ষে গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

গণসংযোগে। নেতৃত্বে ছিলেন পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস। তার পাশে পরিচিত অনেক মুখ হাবিব ইকবাল, ফজলু খানসহ স্থানীয় নেতাকর্মীরা। একেকজন মানুষের সঙ্গে করমর্দন, কারও কাঁধে হাত রেখে খোঁজখবর নেওয়া, কারও শিশুকে কোলে তুলে নেওয়া সব মিলিয়ে গণসংযোগটি যেন রাজনৈতিক আনুষ্ঠানিকতার চেয়ে বেশি হয়ে উঠল আত্মীয়তার মিলনমেলা। এসময় জাহাঙ্গীর বিশ্বাস সবার উদ্দেশে বললেন, "আমরা সাধারণ মানুষের মুক্তির চেতনায় ঐক্যবদ্ধ হয়েছি। তারেক রহমানের নেতৃত্বে আগামী দিনের বাংলাদেশ হবে বৈষম্যহীন। ধানের শীষের বিজয়ের মধ্য দিয়েই মানুষের স্বপ্ন পূরণ হবে।"

## মিত্র দলগুলোকে ৫০ আসন ছাড়

(প্রথম পৃষ্টার পর)

বিবেচনায় যুগপৎ আন্দোলনের মিত্র দলগুলোর জন্য ৪০ থেকে ৫০টি আসন ছাড়ার জন্য বিএনপি প্রস্তুত। তবে এ নির্বাচনে জামায়াতের সঙ্গে কোনো জোট হওয়ার সম্ভাবনা নেই। তিনি জানান, জামায়াতকে এখনও শত্রু মনে করা হচ্ছে না, তবে দলের কিছু নেতার বক্তব্য বিব্রতকর এবং প্রার্থিতা বিষয়ে পিআরের দাবি বিএনপিকে ঠেকানোর কৌশল হিসেবে দেখা হচ্ছে। এছাড়া, হাফিজ উদ্দিন বিএনপির বাইরে এনসিপি ও গণঅধিকার একীভূত হওয়ার আলোচনাকে শুভেচ্ছা জানিয়ে বলেন, নির্বাচনের মাঠে তারা বিএনপির ভাবনায় নেই।

## ভৈরব নদীকে বাঁচাল

(প্রথম পৃষ্টার পর)

সরাচ্ছেন যুবক ও যুবতীরা, যেন নদী আবার জীবন্ত হয়ে উঠছে। এমন ঘটনা ঘটেছে গতকাল রবিবার। জেলা শাখার সভাপতি হাফিজা খাতুন নেতৃত্বে শুরু হওয়া এই অভিযানে অংশ নেন সংগঠনের সদস্য খুরশিদা পারভিন, বাহারুল ইসলাম, লিজল ইসলাম, ইমরান হোসেন, মাহফুজুর রহমানসহ আরও অনেকে। হাতে হাতে বাঁশ, কোদাল আর জালের সাহায্যে তারা টেনে তুলছেন নদীর বুক জুড়ে ছড়িয়ে থাকা কচুরিপানার জমাট। যুব ফোরাম এর সভাপতি হাফিজা খাতুন বলেন, "নদী শুধু পানি নয়, আমাদের জীবন। ভৈরবকে কচুরিপানার দখল থেকে মুক্ত করতে আমরা নিয়মিত এ ধরনের কর্মসূচি চালিয়ে যাব।

## কুষ্টিয়ায় ১৮ জুয়াড়িকে কারাদণ্ড

(প্রথম পৃষ্টার পর)

আটক করা হয়। অভিযানে জুয়াড়িদের কাছ থেকে ৪ লাখ ৬'শ ৯১ টাকা, ৪টি মোটরসাইকেল এবং দেশীয় মদের বোতল উদ্ধার করা হয়েছে। ১৭ জনকে ১ মাস এবং ১ জনকে ৩ মাসের কারাদণ্ড প্রদান করা হয়েছে। এদের সবাই প্রকাশ্য জুয়া আইন, ১৮৬৭-এর ৪ ধারায় দণ্ডিত হয়েছেন।

## মেহেরপুরে জেলা প্রশাসনের একাধিক

(প্রথম পৃষ্টার পর)

ইবনে সাজ্জাদ, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোঃ আনোয়ার হোসেন এবং মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল উপস্থিত ছিলেন। সকালে প্রথমে খাস জমি ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। পরে ভূমি-সম্পত্তি জবরদখল থেকে উদ্ধার সংক্রান্ত জেলা কমিটির সভা বসে। উভয় সভায় সরকারি খাসজমি সঠিকভাবে রক্ষণাবেক্ষণ ও অবৈধ দখলমুক্ত করার বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়। দুপুরে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ সময় জেলা তথ্য অফিসার আব্দুল আল মামুন মূল প্রবন্ধ উপস্থাপন করেন। সভায় সিনিয়র সাংবাদিক তোজাম্মেল হোসেন, কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসরাইল হোসেনসহ অন্যরা বক্তব্য রাখেন। এছাড়া দিনব্যাপী রাজস্ব সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে সরকারি রাজস্ব আদায়ে সকলে আন্তরিকভাবে দায়িত্ব পালন করবেন বলে জেলা প্রশাসক আশাবাদ ব্যক্ত করেন।

## শুভরাজপুরে জামায়াতে ইসলামী'র

(প্রথম পৃষ্টার পর)

ইউনিয়ন ও ওয়ার্ড নেতারা এবং স্থানীয় রাজনৈতিক ও সামাজিক ব্যক্তিত্বরা। কর্মসূচিতে আসন্ন নির্বাচনে দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন ও জনসম্পৃক্ততা বৃদ্ধির আহ্বান জানানো হয়। গণসংযোগ চলাকালে গ্রামের বিভিণ্ন সড়ক ও ব্যবসা প্রতিষ্ঠানের বিভিন্ন মানুষের সাথে জামায়াতের রাজনৈতিক নেতারা কুশল ও মতবিনিময় করেন। গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।

## লাঙল নিয়ে তিন 'জাপার' টানাটানি

(প্রথম পৃষ্টার পর)

করছে। জাতীয় পার্টির ইতিহাসে লাঙল নিয়ে টানাপোড়েন নতুন নয়। ১৯৯৯ সালে আওয়ামী লীগের সঙ্গে সম্পর্কের টানাপোড়েন থেকে দল ভাঙলে আনোয়ার হোসেন মঞ্জু লাঙল প্রতীকের দাবি করেছিলেন। তবে আদালতের রায়ে প্রতীক এরশাদের কাছেই থেকে যায়। ২০২৩ সালের উপনির্বাচনেও রওশন এরশাদ লাঙল দাবি করেছিলেন। এরপর ২০২৪ সালের মার্চে তিনি নিজের নেতৃত্বে আরেকটি জাতীয় পার্টি গঠন করেন। সাম্প্রতিক সময়ে আনিসুল ইসলামের নেতৃত্বে জাপার একাংশে যোগ দিয়েছেন জ্যেষ্ঠ নেতা এবিএম রুহুল আমিন হাওলাদার, মুজিবুল হক চুন্নু ও কাজী ফিরোজ রশিদসহ আরও অনেকে। তারা দাবি করছেন, প্রতীকের মালিক কোনো ব্যক্তি নয়, বরং গঠনতন্ত্র অনুযায়ী বৈধ দলই প্রতীকের দাবিদার। আনিসুল ইসলাম সংবাদ সম্মেলনে জি এম কাদেরকে সমালোচনা করে বলেন, "একসময় তিনি শেখ হাসিনার ফাঁসি চান, আবার বলেন আওয়ামী লীগ ছাড়া নির্বাচন বৈধ হবে না। এমন দ্বৈতনীতি রাজনীতিকে প্রশ্নবিদ্ধ করছে।" সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন জাতীয় পার্টির (আ-হা) জ্যেষ্ঠ কো-চেয়ারম্যান কাজী ফিরোজ রশিদ, নির্বাহী চেয়ারম্যান মুজিবুল হক চুন্নু, কো-চেয়ারম্যান সৈয়দ আবু হোসেন বাবলা প্রমুখ।

## আমদহে তারুণ্যের উৎসব ফুটবল

(প্রথম পৃষ্টার পর)

অনুষ্ঠিত খেলায় দিনের প্রথম সেমিফাইনাল ম্যাচে ৭ নম্বর ওয়ার্ড টাইব্রেকারে ৫-৪ গোলে ৩ নম্বর ওয়ার্ডকে পরাজিত করে। খেলায় প্রথম অর্ধের ১০ মিনিটে নয়ন ৩ নম্বর ওয়ার্ডকে এগিয়ে দেন। দ্বিতীয়ার্ধের ৯ মিনিটে শিমুলের ফ্রি কিক গোল খেলার সমতা ফেরায়। বাকি সময় গোল হয়নি, ফলে ম্যাচ টাইব্রেকারে গড়ায়। টাইব্রেকারে ৭ নম্বর ওয়ার্ডের বায়েজিদ, সাইফুল, সজিব, শিমুল ও সজীব হোসেন একটি করে গোল করেন, আর ৩ নম্বর ওয়ার্ডের সবুজ, নয়ন, মাসুম ও রাজ একটি করে গোল করেন।

একই মাঠে অনুষ্ঠিত অপর সেমিফাইনালে ৬ নম্বর ওয়ার্ড টাইব্রেকারে ৪-৩ গোলে ৪ নম্বর ওয়ার্ডকে পরাজিত করে। মূল সময় খেলাটি গোলশূন্যভাবে শেষ হওয়ায় টাইব্রেকারের মাধ্যমে বিজয়ী নির্ধারিত হয়। বিজয়ী দলের পক্ষে হাফিজুল, সবুজ, সাকিব ও রকি একটি করে গোল করেন। ৪ নম্বর ওয়ার্ডের পক্ষ থেকে বিজন, হৃদয় ও বিজন আলী একটি করে গোল করেন। এর আগে আমদহ ইউনিয়নের চেয়ারম্যান রওশন আলী খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন। সোমবার একই মাঠে ৬ নম্বর ও ৭ নম্বর ওয়ার্ড ফাইনালে একে অপরের সঙ্গে মুখোমুখি হবে।

## বাংলাদেশে এসেছিলেন ওয়াংচুক, চাঞ্চল্যকর দাবি ভারতীয় পুলিশের

সূর্যোদয় প্রতিবেদন

শনিবার (২৭ সেপ্টেম্বর) এনডিটিভির প্রতিবেদনে লাদাখ পুলিশের মহাপরিচালক (ডিজিপি) এস. ডি. সিং জামওয়াল এই তথ্য নিশ্চিত করেন। তিনি জানান, "আমরা একজন পাকিস্তানি গোয়েন্দাকে গ্রেপ্তার করেছি, যিনি ওয়াংচুকের সঙ্গে যোগাযোগ রাখতেন এবং সীমান্তের ওপারে তথ্য প্রেরণ করতেন। আমাদের কাছে এর রেকর্ড রয়েছে। তিনি পাকিস্তানে একটি অনুষ্ঠানে অংশ নিয়েছেন, বাংলাদেশেও সফর করেছেন। তার বিষয়ে অনেক প্রশ্নের উত্তর প্রয়োজন।"বলিউডের জনপ্রিয় সিনেমা 'থ্রি ইডিয়টস'-এর বাস্তব চরিত্র ও পরিবেশকর্মী সোনম ওয়াংচুক। ওয়াংচুকের বিরুদ্ধে ন্যাশনাল সিকিউরিটি অ্যাক্ট (এনএসএ) এর আওতায় মামলা করা হয়েছে। এই আইনের অধীনে কেউ জামিন ছাড়া দীর্ঘ সময় পর্যন্ত আটক রাখা যায়। ওয়াংচুককে বর্তমানে রাজস্থানের জোধপুরের একটি বিশেষ কেন্দ্রে স্থানান্তর করা হয়েছে। ডিজিপি জামওয়াল আরও অভিযোগ করেন, ওয়াংচুক অতীতে বারবার উত্তেজনাপূর্ণ বক্তব্য দিয়েছেন। তিনি আরব বসন্ত, নেপাল ও বাংলাদেশের আন্দোলনের উদাহরণ টেনে স্থানীয় মানুষকে উসকেছেন। পুলিশের দাবি, তার উসকানিতে সহিংসতা ছড়িয়েছে। এই প্রক্রিয়ায় কিছু তথাকথিত পরিবেশকর্মীরও অংশ থাকার খবর পাওয়া গেছে। "তাদের বিশ্বাসযোগ্যতা নিয়েও প্রশ্ন রয়েছে। তারা পুরো প্ল্যাটফর্মকে নিজেদের নিয়ন্ত্রণে আনার চেষ্টা করেছেন। আর এর কেন্দ্রীয় চরিত্র হলেন সোনম ওয়াংচুক," বলেন ডিজিপি। লাদাখে এই ঘটনায় উত্তেজনা আরও বেড়েছে। সাধারণ মানুষ ভাবছেন, জনপ্রিয় এই নেতাকে ঘিরে যে অভিযোগ উঠেছে, তা কতটা সত্যি আর কতটা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। লাদাখে রাজ্য মর্যাদা আন্দোলনের অন্যতম মুখ হিসেবে পরিচিত ওয়াংচুককে কেন্দ্র করে এই বিতর্ক দেশ-বিদেশে নজর কাড়ছে।

## ঘুষের দায়ে চীনের সাবেক মন্ত্রীর মৃত্যুদণ্ড

সূর্যোদয় প্রতিবেদন

চীনের সাবেক কৃষি ও গ্রামীণ বিষয়ক মন্ত্রী তাং রেনজিয়ানকে ঘুষ নেওয়ার দায়ে মৃত্যুদণ্ডাদেশ দিয়েছে আদালত। দেশটির জিলিন প্রদেশের একটি আদালত রবিবার এ রায় ঘোষণা করেছে বলে জানিয়েছে রাষ্ট্রীয় সংবাদ সংস্থা শিনহুয়া। শিনহুয়া জানিয়েছে, ২০০৭ থেকে ২০২৪ সালের মধ্যে বিভিন্ন সরকারি পদে দায়িত্ব পালনকালে তাং নগদ অর্থ ও সম্পদসহ মোট ২৬ কোটি ৮০ লাখ ইউয়ান (বাংলাদেশি মুদ্রায় প্রায় ৪৫ কোটি ৬০ লাখ টাকা) ঘুষ নিয়েছিলেন। যদিও তাং নিজে অপরাধ স্বীকার করেছেন, চাংচুন মধ্যবর্তী গণআদালত তার মৃত্যুদণ্ড দুই বছরের জন্য স্থগিত করেছে।

তাংয়ের বিরুদ্ধে তদন্ত মাত্র ছয় মাসে সম্পন্ন হয় এবং পদ থেকে অপসারণের কিছুদিন পর গত নভেম্বরে তাকে চীনা কমিউনিস্ট পার্টি থেকে বহিষ্কার করা হয়। তদন্তের এই দ্রুততার পেছনে ছিল প্রতিরক্ষামন্ত্রী লি শ্যাংফু ও তার পূর্বসূরি ওয়েই ফেংহের বিরুদ্ধে হওয়া অনুরূপ তদন্তের প্রভাব। সরকারি তথ্য অনুযায়ী, তাং ২০১৭ থেকে ২০২০ সাল পর্যন্ত পশ্চিমাঞ্চলীয় গানসু প্রদেশের গভর্নর ছিলেন। এরপর তিনি কৃষি ও গ্রামীণ বিষয়ক মন্ত্রী হিসেবে নিযুক্ত হন। ২০২০ সালে চীনের প্রেসিডেন্ট শি চিনপিং অভ্যন্তরীণ নিরাপত্তা কাঠামোয় শুদ্ধি অভিযান শুরু করেন। এই অভিযানের মূল উদ্দেশ্য ছিল পুলিশ, প্রসিকিউটর ও বিচারকদের 'সম্পূর্ণ অনুগত, সম্পূর্ণ নির্মল ও সম্পূর্ণ নির্ভরযোগ্য' করে তোলা। চলতি বছরের জানুয়ারিতে শি জানান, দুর্নীতি কমিউনিস্ট পার্টির জন্য সবচেয়ে বড় হুমকি এবং তা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে।

## পাকিস্তানের জাহাজে ইসরায়েলের হামলা, ক্রুরা নিরাপদে মুক্ত

সূর্যোদয় প্রতিবেদন

ইয়েমেনের একটি বন্দরে অবস্থানরত পাকিস্তানের একটি জ্বালানি ট্যাঙ্কার ইসরায়েলি ড্রোন হামলার শিকার হয়েছে। জাহাজটিতে ২৪ পাকিস্তানি নাগরিকসহ মোট ২৭ জন ক্রু ছিলেন। পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী মোহসিন নকভি শনিবার এই তথ্য জানান। মন্ত্রী নকভি জানান, হামলার ঘটনা ঘটেছে ১৭ সেপ্টেম্বর, যখন ট্যাঙ্কারটি ইয়েমেনের রাস ইসা বন্দরে অবস্থান করছিল। এই বন্দরটি হুতি বিদ্রোহীদের নিয়ন্ত্রণাধীন। হামলার সময় ক্রুদের মধ্যে পাকিস্তানিদের পাশাপাশি দুজন শ্রীলঙ্কান এবং একজন নেপালের নাগরিকও ছিলেন। জাহাজের ক্যাপ্টেনও পাকিস্তানি। হামলার পর ট্যাঙ্কারে বিস্ফোরণ ঘটে। তবে ক্রুরা দ্রুত আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হন। নকভি জানান, "এরপর হুথি নৌযান ট্যাঙ্কার থামিয়ে ক্রুদের জাহাজে আটক করে রাখে।" তবে বর্তমানে ট্যাঙ্কার এবং তার ক্রুরা হুতিদের হাত থেকে মুক্ত হয়ে ইয়েমেনের জলসীমার বাইরে পৌঁছেছে। মন্ত্রী নিরাপত্তা বাহিনী, ওমান ও সৌদি আরবের পাকিস্তানি কূটনীতিক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। তিনি বলেন, "আমাদের নাগরিকদের নিরাপদ মুক্তি নিশ্চিত করতে নিরাপত্তা সংস্থাগুলো দিন-রাত অতুলনীয় পরিশ্রম করেছে।" পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়ও জানিয়েছে, ট্যাঙ্কারের ২৪ পাকিস্তানি ক্রু নিরাপদে আছেন এবং বর্তমানে ইয়েমেনের জলসীমার বাইরে যাচ্ছেন। মন্ত্রণালয় জানিয়েছে, ঘটনার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে পাকিস্তানের দূতাবাসগুলো ইয়েমেনের কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ স্থাপন করে এবং ক্রুদের সুস্থতা নিশ্চিত করেছে। এছাড়া ক্রুদের পরিবারের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা হয়েছে। এ সময় মন্ত্রণালয় জানিয়েছে, ট্যাঙ্কার বন্দর থেকে যাত্রা শুরু করেছে এবং সকল ক্রু নিরাপদে রয়েছেন।

## তাইওয়ানে ব্যাপক তাণ্ডবের পর চীনে আঘাত হানল রাগাসা

সূর্যোদয় প্রতিবেদন

তাইওয়ানে ব্যাপক তাণ্ডব চালানোর পর চীনে আঘাত হেনেছে শক্তিশালী টাইফুন রাগাসা। স্থানীয় সংবাদমাধ্যমগুলো জানিয়েছে, বুধবার চীনের দক্ষিণাঞ্চলীয় গুয়াংডন প্রদেশের হাইলিং দ্বীপের উপকূলে আছড়ে পড়ে টাইফুনটি। দ্বীপটি ইয়াংজিয়াং সিটিতে অবস্থিত। চীনা রাষ্ট্রীয় সংবাদমাধ্যম সিসিটিভি জানিয়েছে, আঘাত হানার সময় টাইফুনটির কেন্দ্রের বাতাসের গতিবেগ ছিল ১৪৪ কিলোমিটার। গত সোমবার সর্বপ্রথম ফিলিপাইনে আঘাত হানে এ সামুদ্রিক ঝড়টি। ওই সময় ঝড়টি সুপার টাইফুনে পরিণত হয়। এরপর এটি তাইওয়ান ও চীনের দিকে এগোতে থাকে। এছাড়া হংকংয়েও রাগাসার প্রভাব পড়ে। চলতি বছরে সবচেয়ে শক্তিশালী টাইফুন ছিল রাগাসা। হংকংয়ে টাইফুনের আঘাতে অন্তত ৬২জন আহত হয়েছেন। এছাড়া এটি অবকাঠামোর অনেক ক্ষয়ক্ষতি করেছে। টাইফুনের প্রভাবে হওয়া বৃষ্টিতে অনেক জায়গা প্লাবিত হয়েছে। অপরদিকে তাইওয়ানে রাগাসা ব্যাপক ক্ষয়ক্ষতি করেছে। বিশেষ করে একটি লেকের বাঁধ ভেঙে অন্তত ১৭ জন প্রাণ হারিয়েছেন। এ সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। এখনও নিখোঁজ রয়েছেন অন্তত ১৭ জন। সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, গুয়াংফু নামে শহরটির লেকের বাঁধ ভেঙে যাওয়ার পর লোকালয়ে বন্যার পানি ঢুকে পড়ে।